



Date: 09. 062017

Enclosed is the news item appearing in 'Dainik Statesman', a Bengali daily dated 09.06..2017, captioned 'মুর্শিদাবাদ মেডিকলে বিনা চিকিৎসায় মৃত্যুর অভিযোগ

The Principal Secretary, Health & Family Welfare Department, Govt. of West Bengal is directed to submit a detailed report by 20th July, 2017.


(Justice Girish Chandra Gupta)
Chairperson


(Naparajit Mukherjee)
Member


(M. S. Dwivedy)
Member

Encl: News Item Dt. 09.06. 17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and uploaded in the website.

মুর্শিদাবাদ মেডিকেল বিনা চিকিৎসায় মৃত্যুর অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর, ৮ জুন— মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে বিনা চিকিৎসায় রোগী মৃত্যুর ঘটনা অব্যাহত। বৃহস্পতিবার ফের এক রোগীর মৃত্যুকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় হাসপাতাল চত্বরে। দফায় দফায় বিক্ষোভ দেখান মৃত রোগীর পরিবারের আত্মীয়রা। অভিযুক্ত চিকিৎসককে ঘিরে বিক্ষোভ চলে। তাঁকে হেনস্থা করা হয় বলেও অভিযোগ। ওয়ার্ড মাস্টারের ঘরে হাসপাতালের কর্মীদের মারধর করা হয়। হাসপাতালের নিরাপত্তা কর্মীদের সঙ্গেও দফায় দফায় হতাহতি হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বহরমপুর থানা থেকে বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে যায়। পুরো ঘটনার তদন্তের আশ্বাস পাওয়ার পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। হাসপাতাল সূত্রে জানা যায়, বুধবার দুপুর ৩টায় সনাতন কর্মকার (২৯) নামে জেলার ইসলামপুর থানা এলাকার এক বাসিন্দাকে হাসপাতালে ভর্তি করা হয়। পেটে ব্যথা নিয়ে হাসপাতালে ভর্তি হন পেশায় গাড়িচালক সনাতন। বৃহস্পতিবার সকালে তাঁর মৃত্যু হয়। মৃতের আত্মীয় দীনেশ কর্মকারের দাবি, বিনা চিকিৎসায় সনাতনের মৃত্যু হয়েছে। তিনি বলেন, 'দুপুর তিনটায় হাসপাতালে ভর্তি করা হলেও, রাত পর্যন্ত কোনও চিকিৎসক তাঁকে দেখেননি। ফেলে রাখা হয়েছিল। পেটের যন্ত্রণা কমানোর কোনও ব্যবস্থাই চিকিৎসকরা করেননি। প্রতিবাদ করলে বলা হয়, আমাদের কাছে তারা ডাক্তারি শিখবে না। তাদের যখন সময় হবে তখন চিকিৎসা করবেন। এক চিকিৎসক আবার বলেন, গ্যাসের কারণে পেটে যন্ত্রণা হচ্ছে। অথচ সেই গ্যাস বের করার চেষ্টা করেনি। মনে হয়, এখানকার ডাক্তারদেরও সার্টিফিকেটগুলো পরীক্ষা করা হোক। জাল সার্টিফিকেট দাখিল করে ভুল্লো ডাক্তারও এদের মধ্যে থাকতে পারে। অভিযুক্ত চিকিৎসকের বিরুদ্ধে যতদূর যেতে হয় যাব।' যদিও এই অভিযোগ মানতে চাননি মেডিকলেজ হাসপাতালের ভাইস প্রিন্সিপাল তথা সুপার ডা. সুহতা পাল। তিনি সংবাদমাধ্যমকে জানান, বিনা চিকিৎসায় রোগীর মৃত্যু হয়েছে, এই অভিযোগ সত্য নয়। যেহেতু অভিযোগ উঠেছে, সে কারণে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।